যায়যায়দিন

তারিখ 23 JUL 2009
পৃষ্ঠা ১৫

# প্রাথমিক শিক্ষা উন্নয়নে ২০ হাজার শিক্ষক নিয়োগের সুপারিশ

যাযাদি রিপোর্ট

দ্বিতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির আওতায় আরো ২০ হাজার শিক্ষক নিয়োগ দেয়ার ওপর জোর দিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটি। একই সঙ্গে ২০ হাজার স্কুলে ৪০ হাজার শ্রেণীকক্ষ নির্মাণ করা হবে এবং ১৪ হাজার ৮৭৯টি স্কুলে আসবাবপত্র সরবরাহ করা হবে।

জাতীয় সংসদে বুধবার অনুষ্ঠিত কমিটির বৈঠকে সভাপতিত্ব করেন কমিটির সভাপতি দেওয়ান ফরিদ গাজী। বৈঠকে অন্যদের মধ্যে কমিটির সদস্য প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. মোতাহার হোসেন, মো. আতিউর রহমান আতিক, নারায়ণ চন্দ্র চন্দ, আফাজউদ্দিন আহমেদ, তালুকদার মো. ইউনুস, আবদুল মান্নান, অধ্যক্ষ খাদিজা খাতুন শেফালী এবং বেগম জোবেদা খাতুন যোগ দেন। এছাড়া সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও অধিদপ্তরের কর্মকর্তারাও বৈঠকে অংশ নেন।